দৈনিক
জনকণ্ঠ

তারিখ 16 DEC 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৪

# রাকসু সচলের দাবিতে সরব রাবি শিক্ষার্থীরা

**রাবি সংবাদদাতা ।** রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের দাবিতে সরব হয়েছে বিশ্ববিদ্যালয়ের রাজনৈতিক, সাংস্কৃতিকসহ সাধারণ শিক্ষার্থীরা। লাগাতার আন্দোলনের অংশ হিসেবে শুক্রবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে 'রাকসু আন্দোলন মঞ্চ'র ব্যানারে সাধারণ শিক্ষার্থীরা চার দিনব্যাপী গণস্বাক্ষর কর্মসূচী শুরু করেছে। এ সময় 'রাকসু আন্দোলন মঞ্চের কর্মী এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (আইইআর) শিক্ষার্থী সজীব কুমার সরকার বলেন, গত ২৭ বছর ধরে রাকসু অচল হয়ে আছে। শিক্ষার্থীদের কথা বলার কোন প্রতিনিধি নেই। অথচ এটা আমাদের অধিকার। নিজেদের অধিকার আদায়ে আমরা নিজেরাই নেমেছি। আমাদের দাবি আদায় না হওয়া পর্যন্ত আমাদের আন্দোলন চালিয়ে যাব। তারই ধারাবাহিকতায় আজ আমরা গণস্বাক্ষর গ্রহণ শুরু করেছি।

এদিকে অবিলম্বে রাকসু নির্বাচন চায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ, প্রগতিশীল ছাত্রজোট, সাংস্কৃতিক জোট। এরই মধ্যে রাকসু সচলের দাবিতে নানা কর্মসূচী দিয়েছে বিভিন্ন সংগঠন।

জানতে চাইলে রাবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ রুনু বলেন, আমরা সবসময় সাধারণ শিক্ষার্থীদের অধিকার নিয়ে কাজ করি। কিন্তু রাকসু সচল হওয়া দরকার। আমরা বরাবরেই রাকসুর দাবি করে আসছি। আমরাও চাই যেন দ্রুত রাকসু নির্বাচন দেয়া হয়। সেজন্য আমরা উপাচার্য বরাবর স্মারকলিপি দিয়েছি।